

স্বতন্ত্র পে-স্কেলের দাবিতে ফের সময় বেঁধে দিলেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা

■ বিশ্ববিদ্যালয় রিপোর্টার
পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের স্বতন্ত্র বেতন কাঠামো প্রদান ও অষ্টম বেতন স্কেলে গ্রেড সমস্যা নিরসনের জন্য সরকারকে ফের সময় বেঁধে দিয়েছেন আন্দোলনরত শিক্ষকরা। আগামী ২১ নভেম্বরের মধ্যে দাবি পূরণ না হলে ২২ নভেম্বর থেকে দেশের ৩৭টি পাবলিক বিশ্ববিদ্যালয়ে লাগাতার কর্মবিরতি শুরু করবেন শিক্ষকরা। গতকাল রবিবার দুপুরে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লাব মিলনায়তনে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের সাধারণ সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়। এর আগে গত ৬ অক্টোবর দাবি মেনে নেয়ার জন্য সরকারকে পহেলা নভেম্বর পর্যন্ত সময় বেঁধে দেয়া হয়েছিল।

ফেডারেশনের সভাপতি অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদের সভাপতিত্বে এবং মহাসচিব অধ্যাপক ড. এএসএম মাকসুদ কামালের সম্বলনায় সভাটি পরিচালিত হয়। সভায় বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ের ৫০ জন প্রতিনিধি অংশগ্রহণ করেন। চার ঘণ্টা স্থায়ী এই সভায় ২৪ জন শিক্ষক প্রতিনিধি বক্তব্য রাখেন।

সরকারকে ১৫ দিনের আন্টিমেটাম কলেজ শিক্ষকদের এদিকে, সিলেকশন গ্রেড ও টাইম স্কেল বহাল এবং পদমর্যাদা 'অবনমন'-এর অভিযোগ এনে সরকারি কলেজের

শিক্ষকরা সরকারকে ১৫ দিনের আন্টিমেটাম দিয়েছেন। এই সময়ের মধ্যে দাবি পূরণ না হলে ১৭ নভেম্বর নতুন কর্মসূচি ঘোষণা করা হবে।

পূর্ব ঘোষিত কর্মসূচির অংশ হিসেবে গতকাল শিক্ষা মন্ত্রণালয়ের অধীনে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর (মাউশি) চত্বরে অবস্থান কর্মসূচি পালন করেন তারা। এতে দেশের সব সরকারি কলেজ, সর্টিফট শিক্ষা দপ্তর এবং অধিদপ্তরের শিক্ষা ক্যাডারের শিক্ষক-কর্মকর্তারা অংশ নেন।

শিক্ষকদের দাবির মধ্যে রয়েছে : মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালকের পদ ১ নম্বর গ্রেডে উন্নীতকরণ, নায়েমের মহাপরিচালক, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি)-এর চেয়ারম্যান, শিক্ষা বোর্ডসমূহের চেয়ারম্যান, জেলা সদরের অনার্স/মাস্টার্স কলেজের অধ্যক্ষ পদ ১ নম্বর গ্রেডে উন্নীতকরণ, ১ নম্বর গ্রেডের সঙ্গে সমতি রাখার জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, নায়েম, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর (ডিআইএ)-এর পরিচালকের পদসমূহ, অনার্স/মাস্টার্স কলেজের উপাধ্যক্ষ, শিক্ষা বোর্ডসমূহের সচিব এবং জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের সদস্য পদসমূহ ২ নম্বর গ্রেডে উন্নীতকরণ।